

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য খুলনা নৌ অঞ্চলের ফেব্রুয়ারি -২০২২ মাসের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের সচিত্র প্রতিবেদন

১। বানৌজা মোংলা।

ক। সহকারী নৌবাহিনী প্রধান (অপারেশন্স) রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনবিপি,বিসিজিএম,এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি অত্র ঘাঁটির বিভিন্ন প্রজেক্ট পরিদর্শন করেন -বানৌজা মোংলা



চিত্রঃ সহকারী নৌবাহিনী প্রধান (অপারেশন্স) কর্তৃক ঘাঁটির বিভিন্ন প্রজেক্ট পরিদর্শন -বানৌজা মোংলা

খ। ২৬ ফেব্রুয়ারি ২০২২ কোভিড-১৯ এর ভ্যাকসিনেশন কার্যক্রম -বানৌজা মোংলা



চিত্রঃ কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম - বানৌজা মোংলা

২। বানৌজা শের-ই-বাংলা।

ক। সিও'স টক। গত ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখ সিও'স টক অনুষ্ঠিত হয়। অধিনায়ক সকল নৌ সদস্যদের উদ্দেশ্যে করোনা ভাইরাসের প্রতিকার ও প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কে আলোচনা করেন এবং করোনার সকল স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণের নির্দেশ প্রদান করেন। আগামী অক্টোবর ২০২২ তারিখে অত্র ঘাঁটি কমিশনিং করার পরিকল্পনা রয়েছে বলে তিনি সকলকে অবহিত করেন এবং সে মোতাবেক যথাসময়ে ঘাঁটি প্রস্তুত করার লক্ষ্যে পরিকল্পনা অনুযায়ী সকলকে উদ্যোগের সাথে কাজ করার নির্দেশনা প্রদান করেন। তিনি ঘাঁটির পরিস্কার পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য বৃদ্ধির লক্ষ্যে সকলকে অত্ররিকতার সাথে কাজ করার নির্দেশ প্রদান করেন। সুস্থ্য থাকার জন্য নিয়মিত খেলাধুলা ও শরীর চর্চায় অংশগ্রহণ করার বিষয়ে সকলকে নির্দেশ প্রদান করেন। পরিবারকে সময় দেওয়া ও নিয়মিত খোঁজ খবর নেওয়ার ব্যাপারে উপদেশ প্রদান করেন। এছাড়া তিনি নাবিকের কর্মদক্ষতা ও প্রশিক্ষণের উপর এবং ব্যক্তি বস্ত্র ও তথ্যের নিরাপত্তার উপর বিশেষ গুরুত্ব প্রদান করেন। ফেইসবুক ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সকলকে সতর্কতা অবলম্বনসহ এতদসংক্রান্ত নীতিমালা অনুসরণ মাদক ও মাদকের কুফল সম্বন্ধে সতর্ক থাকা এবং এ ব্যাপারে নিজেদের সন্তান ও আশেপাশের সকলকে সতর্ক করার পরামর্শ প্রদান করেন। নৌবাহিনীর ভাবমূর্তি সর্বসাধারণ তথা দেশের কাছে যেন সমুজ্জল থাকে সে বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। অধিনায়ক সকলকে ধর্মীয় ও সামাজিক অনুশাসন মেনে চলার উপর অলোকপাত করে সিও'স টক সমাপ্ত করেন।



সিও'স টক এর স্থিরচিত্র।

খ। বিশেষ মোনাজাত প্রসঙ্গে। গত ১৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বাদ যোহর প্রাক্তন নৌবাহিনী প্রধান এম হাসান আলী খান এর মৃত্যুবর্ষিকী উপলক্ষ্যে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাত অনুষ্ঠানে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত ঘাঁটির সকল নৌসদস্যগণ কোভিড- ১৯ এর সতর্কতামূলক বিধি মেনে যোগদান করেন।



প্রাক্তন নৌবাহিনী প্রধান এম হাসান আলী খান এর বিদেহী আত্মার মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত এর স্থিরচিত্র।

গ। ভাষা শহীদদের রহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত। গত ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষ্যে বাদ ফজর ঘাঁটিস্থ কমর্যাব বিল্ডিং এর নীচতলায় ভাষা শহীদদের রহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাতে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল নৌসদস্যগণ উপস্থিত ছিলেন।



ভাষা শহীদদের রহের মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত এর স্থিরচিত্র।

ঘ। হেলিকপ্টার অবতরণ ও রি-ফুয়েলিং। Training mission এর জন্য বিএন হেলিকপ্টারের Out standing Landing এর অংশ হিসেবে গত ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বাউজা শের-ই-বাংলা ঘাঁটিতে নির্মিত হেলিপ্যাডে প্রশিক্ষণের অংশ হিসেবে বাংলাদেশ নৌবাহিনীর একটি হেলিকপ্টার অবতরণ করে এবং রি-ফুয়েলিং সম্পন্ন করে। অত্র ঘাঁটি হতে রি-ফুয়েলিং এর নিমিত্তে সকল ধরনের লজিস্টিক সহায়তা প্রদান করা হয়।



চিত্রঃ ৪। হেলিকপ্টার অবতরণ ও রিফুয়েলিং এর স্থিরচিত্র।

ঙ। বিডিআর হত্যাকাণ্ডে শহীদ সেনাসদস্যদের শাহাদাৎ বার্ষিকী পালন। গত ২৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বাদ জুম্মা ঘাঁটিস্থ পত্নীনে ২০০৯ সালে বিডিআর (বর্তমান বিজিবি) সদর দপ্তর, পিলখানায় সংঘটিত বর্বরোচিত হত্যাকাণ্ডে বাংলাদেশ সেনাবাহিনীর শহীদ সেনাসদস্যদের শাহাদাৎ বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাতে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল নৌসদস্যগণ উপস্থিত ছিলেন।



বিডিআর হত্যাকাণ্ডে শহীদ সেনাসদস্যদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত এর স্থিরচিত্র।

২। সোলাম।

ক। সহকারী নৌ বাহিনী প্রধান (অপারেশন্স) কর্তৃক সোলাম পরিদর্শন। গত ১৩ ফেব্রুয়ারি ২০২২ সহকারী নৌ বাহিনী প্রধান (অপারেশন্স) রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনবিপি, এনইউপি, বিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি অত্র ঘাঁটি পরিদর্শন করেন। পরিদর্শনকালীন তিনি অত্র ঘাঁটির নির্মাণাধীন গার্ডরুম, মেইন গেট ও মসজিদ পরিদর্শন করেন এবং সকল উন্নয়নমূলক কাজসমূহ যথাসময়ে সমাপ্তির জন্য নির্দেশ প্রদান করেন। পরবর্তীতে তিনি ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন, সহ অন্যান্য কর্মকর্তা ও নাবিকদেরকে ঘাঁটির সার্বিক উন্নয়নের এবং প্রশিক্ষণের ব্যাপারে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করতঃ প্রশিক্ষণের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন।



সহকারী নৌ বাহিনী প্রধান (অপারেশন্স) কর্তৃক সোলাম ঘাঁটি পরিদর্শনের কয়েকটি মুহূর্ত।

খ। সিও'স টক এবং সিকিউরিটি লেকচার। গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ ১১৩০ ঘটিকায় ঘাঁটিস্থ ১০তলা ট্রেনিং ব্লক লেকচার হলে সামাজিক দূরত্ব বজায় রেখে সিও'স টক এবং সিকিউরিটি লেকচার অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স টক এবং সিকিউরিটি লেকচারে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন বৈশ্বিক মহামারি কোভিড-১৯ পরিস্থিতির ওয় ধাপে স্বাভাবিক জীবন যাপনের পাশাপাশি সামাজিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করা, করোনার নতুন ধরন ওমিক্রন রোধকল্পে সবাইকে বুস্টার ডোজ গ্রহণের আহবান এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য নির্দেশনা মেনে চলার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি জেসিও'স, পিও'স ও অন্যান্য পদবীর নাবিকদের জন্য BUP কর্তৃক পরিচালিত BA (Pass) কোর্স সম্পর্কে অবহিতকরণসহ মাদক গ্রহণের কুফল ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বনের পাশাপাশি বিবাহ বহির্ভূত সম্পর্ক থেকে সকলকে বিরত থাকার পরামর্শ প্রদান করেন। পরবর্তীতে তিনি ঘাঁটির নিরাপত্তা এবং ব্যক্তি, বস্তু ও তথ্যের নিরাপত্তা সম্পর্কে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন এবং এসকল নিরাপত্তার ব্যাপারে সকলকে সজাগ থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত সিও'স টক এবং সিকিউরিটি লেকচারে ঘাঁটির সকল কর্মকর্তা, জেসিও, পিও, নাবিক এবং অসামরিক কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



সিও'স টক এবং সিকিউরিটি লেকচারের কয়েকটি মুহূর্ত।

গ। কমান্ডার খুলনা নৌ অঞ্চল ফুটবল প্রতিযোগিতা-২০২২। গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বানোজা তিতুমীর এর ব্যবস্থাপনায় কমান্ডার খুলনা নৌ অঞ্চল ফুটবল প্রতিযোগিতা-২০২২ এর ফাইনাল খেলা সোলাম এবং বানোজা তিতুমীরের মধ্যে অনুষ্ঠিত হয়। উক্ত খেলায় সোলাম দল বানোজা তিতুমীর দলকে ১-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। উক্ত খেলায় ক্যাপ্টেন মোস্তাফা কামাল নাসের, (এনডি), পিএসসি, বিএন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন এবং খেলা শেষে পুরস্কার বিতরণ করেন। উক্ত খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অত্র ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন সহ অন্যান্য কর্মকর্তা ও নাবিকবৃন্দ উপস্থিত ছিলেন।



কমান্ডার খুলনা নৌ অঞ্চল ফুটবল প্রতিযোগিতা-২০২২এর কয়েকটি মূহূর্ত।

ঘ। আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস-২০২২ উদযাপন। গত ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অত্র ঘাঁটিতে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস-২০২২ পালিত হয়। উক্ত দিন ঘাঁটিস্থ মসজিদে বাদ ফজর আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উপলক্ষ্যে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাতে ১৯৫২ এর ভাষা শহীদদের র হের মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। উক্ত দিন ভাষা শহীদদের স্মরণে ০৮০০ ঘটিকা হতে সূর্যাস্ত পর্যন্ত ঘাঁটিতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।



আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস-২০২২ উদযাপনের কয়েকটি মূহূর্ত।

ঙ। এক্সারসাইজ সেফগার্ড -২০২১ এর ডি- ব্রিফিং অনুষ্ঠানে মাননীয় নৌবাহিনী প্রধান গত ২৩ ফেব্রুয়ারি ২০২২ বাৎসরিক সমুদ্র মহড়া ‘এক্সারসাইজ সেফগার্ড ২০২১’ এর ডি- ব্রিফিং অনুষ্ঠানে মাননীয় নৌবাহিনী প্রধান, নৌ সদরের পিএসওগণ, এবং সংশ্লিষ্ট নৌ প্রশাসনিক কর্তৃপক্ষের প্রতিনিধিগণ এক্সারসাইজ সম্পর্কে তাদের পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ ও করণীয় বিষয়াদি নিয়ে দিক নির্দেশনা প্রদান করেন। গত ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত ডি- ব্রিফিং এর চিত্র নিম্নে প্রদত্ত হলোঃ



চিত্রঃ এক্সারসাইজ সেফগার্ড ২০২১ এর ডি- ব্রিফিং অনুষ্ঠানের কিছু স্থির চিত্র।

৫। বানৌজা তিতুমীর।

ক। অধিনায়কের বিদায় উপলক্ষ্যে স্ট্যাটিক প্যারেড। গত ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ ০৯০০ ঘটিকায় অধিনায়ক বানৌজা তিতুমীর ক্যাপ্টেন এস এম জসিমুজ্জামান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন এর বিদায় উপলক্ষ্যে প্যারেড থ্রাউন্ডে স্ট্যাটিক প্যারেড অনুষ্ঠিত হয়। উক্ত স্ট্যাটিক প্যারেডে কর্তব্যরত ব্যক্তি ব্যতিত বানৌজা তিতুমীরের সকল নৌ সদস্য এবং অসামরিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



অধিনায়কের বিদায় উপলক্ষ্যে স্ট্যাটিক প্যারেডের স্থিরচিত্র।

খ। দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ। গত ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ ক্যাপ্টেন এস এম জসিমুজ্জামান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন বদলী গমনহেতু ক্যাপ্টেন মিজা মোহাম্মদ মেহেদী হাসান, (ট্যাজ), পিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন অধিনায়ক বানৌজা তিতুমীর এর দায়িত্বভার গ্রহণ করেন।



অধিনায়কের বিদায় উপলক্ষ্যে দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ এর স্থিরচিত্র।

গ। ঢাকা সিএমএইচ এ রোগী প্রেরণ। গত ০৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পি নং ৫৮০২ মতিয়ার রহমান, এমটিডি এর স্ত্রীকে হৃদরোগ, এজমা ও থাইরয়েড জনিত স্বাস্থ্য অবনতিতে বানৌজা উপশম হতে হেলিকপ্টার যোগে সিএমএইচ ঢাকায় প্রেরণ করা হয়।




জরুরি ভিত্তিতে রোগীকে হেলিকপ্টার যোগে সিএমএইচ ঢাকায় প্রেরণ।

ঘ। প্রীতিভোজ। গত ০৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অধিনায়ক বানৌজা তিতুমীর ক্যাপ্টেন এস এম জসিমুজ্জামান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন এর বিদায় উপলক্ষ্যে ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে প্রীতিভোজের আয়োজন করা হয়। উক্ত প্রীতিভোজে কমান্ডার খুলনা নৌ অঞ্চল, রিয়ার এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



অধিনায়কের বিদায় উপলক্ষ্যে ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে প্রীতিভোজ এর স্থিরচিত্র।

ঙ। অধিনায়কের ভাষণ। গত ০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অধিনায়ক বানৌজা তিতুমীর ক্যাপ্টেন মির্জা মোহাম্মদ মেহেদী হাসান, (ট্যাজ), পিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন কর্তৃক প্যারেড গ্রাউন্ডে ০৩ নং পোষাকে (ব্লু জার্সিসহ) স্ট্যাটিক প্যারেড অনুষ্ঠিত হয়। উক্ত স্ট্যাটিক প্যারেডে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত বানৌজা তিতুমীরের সকল নৌ সদস্য এবং অসামরিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



নবনিযুক্ত অধিনায়ক বানৌজা তিতুমীর কর্তৃক শিপস্ কোম্পানির উদ্দেশ্যে ভাষণের স্থিরচিত্র।

চ। অধিনায়ক কর্তৃক ওয়াক রাউন্ড। গত ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অধিনায়ক বানৌজা তিতুমীর কর্তৃক অত্র ঘাঁটির ওয়াক রাউন্ড অনুষ্ঠিত হয়।



নবনিযুক্ত অধিনায়ক বানৌজা তিতুমীর কর্তৃক ওয়াক রাউন্ডের স্থিরচিত্র।

ছ। নবীন নাবিকদের উদ্দেশ্যে অধিনায়কের ভাষণ। গত ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অধিনায়ক বানৌজা তিতুমীর নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়ে নবীন নাবিকদের উদ্দেশ্যে মূল্যবান ভাষণ প্রদান করেন। এ সময়ে অত্র বিদ্যালয়ের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সকল প্রশিক্ষক উপস্থিত ছিলেন।



অধিনায়ক কর্তৃক নবীন নাবিকদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক ভাষণের স্থিরচিত্র।

জ। অধিনায়ক এবং নির্বাহী কর্মকর্তা কর্তৃক নিরাপত্তামূলক ভাষণ। গত ১৩ এবং ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ ০৮৩০ ঘটিকায় বানৌজা তিতুমীর প্যারেড গ্রাউন্ডে অধিনায়ক এবং নির্বাহী কর্মকর্তা শিপস কোম্পানির উদ্দেশ্যে নিরাপত্তামূলক ভাষণ প্রদান করেন।



বানৌজা তিতুমীরের অধিনায়ক এবং নির্বাহী কর্মকর্তা কর্তৃক নিরাপত্তামূলক ভাষণের স্থিরচিত্র।

ঝ। কমান্ডার খুলনা নৌ অঞ্চল ফুটবল প্রতিযোগিতা-২০২২। গত ১৫-২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বানৌজা তিতুমীরের ব্যবস্থাপনায় কমান্ডার খুলনা নৌ অঞ্চল ফুটবল প্রতিযোগিতা-২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত ফুটবল প্রতিযোগিতায় কমান্ডার খুলনা নৌ অঞ্চলের ৪টি দল অংশগ্রহণ করে এবং সোলাম দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



কমান্ডার খুলনা নৌ অঞ্চল ফুটবল প্রতিযোগিতা-২০২২ এর স্থিরচিত্র।

ঞ। প্রাক্তন নৌবাহিনী প্রধান এর মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে বিশেষ মোনাজাত। গত ১৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখ প্রাক্তন নৌবাহিনী প্রধান রিয়ার এডমিরাল এম হাসান আলী খান এর ৯ম মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে বাদ জোহর বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাতে কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল নৌ সদস্য এবং অসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।



প্রাক্তন নৌবাহিনী প্রধান এর মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে বিশেষ মোনাজাতের স্থিরচিত্র।

ট। অধিনায়ক কর্তৃক মতবিনিময়। গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ ১১০০ ঘটিকায় ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে অধিনায়ক বানৌজা তিতুমীর ক্যাপ্টেন মির্জা মোহাম্মদ মেহেদী হাসান,(ট্যাজ), পিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন লিডিং ও তদনিম্ন নাবিকগণের সাথে মতবিনিময় করেন। উক্ত মতবিনিময়ে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল লিডিং ও তদনিম্ন নাবিকগণ অংশগ্রহণ করেন।



লিডিং ও তদনিম্ন নাবিকদের সাথে অধিনায়কের মতবিনিময়ের স্থিরচিত্র।

ঠ। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন। গত ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাদ ফজর ঘাঁটিস্থ কেন্দ্রীয় জামে মসজিদ এবং নাবিক আবাসিক এলাকা মসজিদে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাতে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল নৌ সদস্য অংশগ্রহণ করেন।



শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বিশেষ মোনাজাতের স্থিরচিত্র।

০৬। মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত। গত ২৫-২৬ ফেব্রুয়ারি ২০০৯ তারিখ বিডিআর (বিজিবি) সদর দপ্তর, পিলখানায় সংঘটিত বর্বরোচিত হত্যাকাণ্ডে বাংলাদেশ সেনাবাহিনীর শহীদ সেনা সদস্যদের শাহাদাত বার্ষিকী স্মরণে গত ২৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বাদ জুম'আ কেন্দ্রীয় জামে মসজিদ এবং নাবিক আবাসিক এলাকা মসজিদে শহীদদের র হের মাগফেরাত কামনা করে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত আয়োজন করা হয়। উক্ত মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাতে কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল নৌ সদস্য অংশগ্রহণ করেন।



শহীদদের র হের মাগফেরাত কামনা করে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত এর স্থিরচিত্র।

০৭। সিও'স টক। গত ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অধিনায়ক বানোজা তিতুমীর ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে মাসিক সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণ প্রদান করেন। উক্ত সিও'স টক এ কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল নৌ সদস্য অংশগ্রহণ করেন।



ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে মাসিক সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণের স্থিরচিত্র।